



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ

ফোন : 02996600726, ইমেইল- sgovc@yahoo.com

ওয়েবসাইট : www.sugc.edu.bd



তারিখ : ১৮-০২-২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তির অনলাইনে প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি ও আবেদনের যোগ্যতা পুন. নির্ধারণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৫-০২-২০২৪ তারিখে প্রকাশিত সংশোধিত বিজ্ঞপ্তি মোতাবেক স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির অনলাইনে প্রাথমিক আবেদন ১৮-০২-২০২৪ খ্রি. থেকে ২৮-০২-২০২৪ খ্রি পর্যন্ত চলমান থাকবে। আগ্রহী প্রার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Honours Tab এ গিয়ে আবেদন প্রক্রিয়া সম্পাদন করতে হবে।

ভর্তির আবেদন করতে আগ্রহীদের উদ্দেশ্যে কিছু তথ্য :

১। স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির আবেদনকারীর পরিবর্তিত ন্যূনতম যোগ্যতাসহ সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক (www.nu.ac.bd/admissions) ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। অনলাইনে আবেদন করার সময় সকল আবেদনকারীকে অবশ্যই সঠিক মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের নম্বর, পরবর্তীতে যোগাযোগের ক্ষেত্রে ব্যবহৃত হবে) আবেদনপত্রে প্রদান করতে হবে।

৩। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার পর, আবেদনকারীকে সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। এ সংক্রান্ত পদ্ধতি ও নির্দেশনা ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত পূর্বে কলেজ ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত তথ্য অনুসরণ করতে হবে।

৪। জমার রশিদ ও আবেদনপত্রের এক কপি নির্ধারিত সময়ের মধ্যে কলেজে জমা দিতে হবে।

৫। আবেদনকারী শিক্ষার্থীগণ সরকারি এবং সাপ্তাহিক ছুটি ব্যতীত আগামী ১৮/০২/২০২৪ তারিখ হতে ২৮/০২/২০২৪ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টা পর্যন্ত অত্র কলেজের হিসাববিজ্ঞান বিভাগে আবেদনের কপি টাকা আদায়ের রশিদসহ জমা দিতে হবে।

৬। ভর্তির প্রাথমিক আবেদনপত্রটি কলেজ নিশ্চায়ন করবে, যা আবেদনকারীগণ তাদের মোবাইল ফোনে SMS এর মাধ্যমে জানতে পারবে। আবেদনপত্রটি কলেজে জমা দেওয়ার পরেও কোন কারণে ২৮/০২/২০২৪ তারিখ রাত ১২টার মধ্যে নিশ্চায়নের SMS না পেলে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবশ্যই ২৯/০২/২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টার মধ্যে ভর্তি সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত শিক্ষককে (হিসাববিজ্ঞান বিভাগে) বিষয়টি জানাতে হবে। অন্যথায়, সৃষ্ট জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষকে দায়ী করা যাবেনা।

৭। ভর্তি বিষয় সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ :

জনাব হাফিজুর রহমান (সোহাগ), অফিস সহায়ক (হিসাববিজ্ঞান), মোবাইল : 01623-952047, (সকাল ১০টা-বিকাল ০২টা)


** ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত/নীতিমালা/নির্দেশনা চূড়ান্ত বলে গণ্য হবে।

** পূর্বে ভর্তি সংক্রান্ত কলেজ ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য তথ্যাবলী অনুসারণ করার জন্য নির্দেশ করা হলো।

প্রতিস্বাক্ষর,


অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ


18/02/2024

আহবায়ক

স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি

শিক্ষাবর্ষ: ২০২৩-২৪

সুনামগঞ্জ সরকারি কলেজ